



দেশে আইপিএল খেলা ও অনুষ্ঠান সম্প্রচার স্থগিতের নির্দেশ



সংগৃহীত ছবি

বাংলাদেশে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) সংশ্লিষ্ট সব ধরনের খেলা ও অনুষ্ঠান সম্প্রচারে সাময়িক নিষেধাজ্ঞা জারি করেছে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। সোমবার (৫ জানুয়ারি) মন্ত্রণালয়ের টিভি-২ শাখা থেকে এ বিষয়ে আনুষ্ঠানিক নির্দেশনা প্রকাশ করা হয়।

নির্দেশনায় বলা হয়েছে, আগামী ২৬ মার্চ ২০২৬ থেকে শুরু হতে যাওয়া আইপিএল আসরে বাংলাদেশের জনপ্রিয় ক্রিকেটার মুস্তাফিজুর রহমানকে কলকাতা নাইট রাইডার্সের স্কোয়াড থেকে বাদ দেওয়ার বিষয়টি সরকারের দৃষ্টিগোচর হয়েছে। ভারতীয় ক্রিকেট বোর্ডের এমন সিদ্ধান্তের পেছনে কোনো স্পষ্ট ও গ্রহণযোগ্য ব্যাখ্যা পাওয়া যায়নি। এতে বাংলাদেশের ক্রীড়াপ্রেমী জনগণের মধ্যে হতাশা, ক্ষোভ ও অসন্তোষ তৈরি হয়েছে।

এই প্রেক্ষাপটে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আইপিএলের সব ম্যাচ, অনুষ্ঠান ও সংশ্লিষ্ট সম্প্রচার কার্যক্রম বন্ধ রাখতে দেশের সব টেলিভিশন চ্যানেল ও সম্প্রচার মাধ্যমকে নির্দেশ দেওয়া হয়েছে। জনস্বার্থে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষেই এ সিদ্ধান্ত কার্যকর করা হয়েছে বলে মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

উল্লেখ্য, গত বছরের ডিসেম্বরে আবুধাবিতে অনুষ্ঠিত আইপিএল নিলামে মুস্তাফিজুর রহমানকে ৯ কোটি ২০ লাখ রুপিতে দলে ভেড়ায় কলকাতা নাইট রাইডার্স। তবে দল ঘোষণার পর থেকেই ভারতের কিছু উগ্রপন্থী রাজনৈতিক ও সামাজিক গোষ্ঠীর পক্ষ থেকে তাকে বাদ দেওয়ার জন্য চাপ সৃষ্টি করা হয়। শেষ পর্যন্ত সেই চাপের মুখে ভারতীয় ক্রিকেট বোর্ডের পরামর্শে কলকাতা কর্তৃপক্ষ মুস্তাফিজকে স্কোয়াড থেকে বাদ দেয় বলে জানা গেছে।

এই ঘটনায় ক্রীড়াসনে পেশাদারিত্ব ও ন্যায্যতার প্রশ্ন উঠেছে, পাশাপাশি বিষয়টি দুই দেশের ক্রিকেটপ্রেমীদের মধ্যেও আলোচনার জন্ম দিয়েছে।